কুমিল্লা বোর্ড-২০১৬

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: প্রথম পত্র

সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : | ২ | ৯ | ২ |

সময়— ২ ঘণ্টা ১০ মিনিট | পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো ৬ টি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ► রাহাত কোম্পানি লি. একটি চামড়া প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠান। এটি তুরাগ নদীর তীরে অবস্থিত। প্রক্রিয়াজাতকরণ এর সময় এর বর্জ্য ও দূষিত পানি নদীতে পড়ায় পানি, বায়ু ও মাটি দূষিত হচ্ছে। এর জন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষ একটি পানি পরিশোধন যন্ত্র ক্রয় করার সিদ্ধান্ত নিয়েছে। যন্ত্রটি ক্রয় করার জন্য ৫ কোটি টাকা প্রয়োজন। এর আয়ুষ্কাল ১৫ বছর। কোম্পানিটি প্রতি বছর মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদান করে থাকে।

ক. অর্থায়ন কী? ১

খ. সম্পদ সর্বোচ্চকরণ বলতে কী বোঝায়? ২

গ. পানি পরিশোধনকারী যন্ত্র ক্রয় অর্থায়নের কোন কার্যাবলির অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে রাহাত কোম্পানি লি. এর বিনিয়োগ সিদ্ধান্তটি অর্থায়নের কোন ধারণার সাথে সম্পৃক্ত? বিশ্লেষণ করো। ৪

২. ► রবিন ও নোমান দুই বন্ধু কিছুদিন পূর্বে যুক্তরাষ্ট্র থেকে বেশকিছু টাকা নিয়ে বাংলাদেশে স্থায়ীভাবে বসবাস করার উদ্দেশ্যে আসেন। রবিন তার অর্জিত অর্থ শেয়ারবাজারে বিনিয়োগ করতে চাচ্ছেন। অন্যদিকে নোমান রাষ্ট্রীয় কর্তৃপক্ষের কোনো অনুমতি ছাড়াই তার এলাকায় বসবাসরত প্রবাসীদের আনীত বৈদেশিক মুদ্রাকে বাংলাদেশি টাকায় রূপান্তর করেন। তার এ ধরনের ব্যবসায়ের কারণে পুলিশ তাকে গ্রেপ্তার করে। রবিন ও নোমান বাংলাদেশি নাগরিক।

ক. BSEC কী? ১

খ. অ-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠান বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের আলোকে রবিনকে তার সঞ্চিত অর্থ বিনিয়োগের জন্য আর্থিক বাজারের কোন অংশে যেতে হবে? ব্যাখ্যা করো। ৩

ঘ. "নোমানের ব্যবসায়টি আইনগতভাবে অবৈধ"— এর যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৩. ► লিপুর কাছে ১,০০,০০০ টাকা আছে। তিনি উক্ত অর্থ ১০% সুদের হারে ৫ বছর এর জন্য মিডল্যান্ড ব্যাংকে জমা রাখতে চাচ্ছেন। লিপুর ভাই তাকে মৎস্য চাষ করতে বললেন। সেখান থেকে আগামী ৫ বছরে যথাক্রমে ২৫,০০০, ২৮,০০০, ২২,০০০, ২৫,০০০ এবং ৫০,০০০ টাকা পাওয়া যাবে। অন্যদিকে তার বন্ধু পোল্ট্রি ফার্ম দিতে বললেন। সেখান থেকে আগামী ৫ বছর প্রতি বছর শেষে ৩০,০০০ টাকা করে পাওয়া যাবে। উভয় ক্ষেত্রে লিপুর প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. কার্যকরী সুদের হার কী? ১

খ. সময়ের পরিবর্তন বর্তমান মূল্যকে কীভাবে প্রভাবিত করে তা ব্যাখ্যা করো। ২

গ. মিডল্যান্ড ব্যাংকে জমাকৃত অর্থের ভবিষ্যৎ মূল্য নির্ণয় করো। ৩

ঘ. নিপুর কোন ব্যবসায়টি নির্বাচন করা উচিত? বিশ্লেষণ করো। ৪

৪. ▶ নিম্নে একটি প্রতিষ্ঠান এর আর্থিক তথ্য দেয়া হলো–

প্রতিটি পণ্যের বিক্রয় মূল্য ঃ ১০ টাকা

প্রতিটি পণ্যের পরিবর্তনশীল ব্যয় ঃ ৬ টাকা

মোট স্থির ব্যয় ঃ ২০,০০০ টাকা

মোট বার্ষিক বিক্রয় ঃ ৬,০০০ একক

ক. আর্থিক বিশ্লেষণ কী? ১

খ. অবচয়কে কোন ধরনের খরচ বলা হয়? ব্যাখ্যা করো। ২

গ. প্রতিষ্ঠানটির সমচ্ছেদ বিন্দু (টাকায়) নির্ণয় করো। ৩

ঘ. প্রতিষ্ঠানটির নিরাপত্তা প্রান্ত চিত্রে প্রদর্শনপূর্বক বিশ্লেষণ করো। ৪

৫. ▶ আমবার লিমিটেড একটি উৎপাদনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির উৎপাদন এর কাঁচামাল ক্রয়, শ্রমিক এর মজুরি ও অন্যান্য প্রশাসনিক খরচ মিটানোর জন্য চলতি মূলধন এর প্রয়োজন। আমবার লিমিটেডের ব্যবস্থাপক জানে চলতি মূলধনের ঘাটতির কারণে প্রতিষ্ঠানে দেউলিয়াত্বের ঝুঁকি সৃষ্টি হয়। আবার প্রতিষ্ঠানে খরচ হ্রাস এর মাধ্যমে নিট মুনাফা বৃদ্ধি করা যায়। এজন্য প্রতিষ্ঠানটি ফরমায়েশ খরচ হ্রাস করতে চাচ্ছে। কোম্পানির পণ্যের বার্ষিক চাহিদা ১০,০০০ একক, ফরমায়েশপ্রতি ব্যয় ১০০ টাকা। প্রতি একক মজুদের বহন খরচ ১৫ টাকা।

ক. স্বল্পমেয়াদি অর্থায়ন কী? ১

খ. রক্ষণশীল নীতি কীভাবে চলতি মূলধন ব্যবস্থাপনাকে প্রভাবিত করে? ২

গ. আমবার লিমিটেড এর মিতব্যয়ী ফরমায়েশ পরিমাণ নির্ণয় করো। ৩

ঘ. চলতি মূলধন এর ঘাটতি পূরণে আমবার লিমিটেড কোন কোন প্রাতিষ্ঠানিক উৎস এর কথা বিবেচনা করতে পারে? বিশ্লেষণ করো। ৪

৬. ▶ সাজ্জাদ সাহেব সম্প্রতি চাকুরি থেকে অবসরে গেছেন। তিনি তার পেনশন হতে প্রাপ্ত টাকার কিছু অংশ পুঁজি বাজারে বিনিয়োগ করতে আগ্রহী। তাই তিনি নিচের কোম্পানিসমূহের বন্ড নিয়ে বিচার বিশ্লেষণ করেছেন:

বিবরণ	নোমান কোম্পানি	সোহাগ কোম্পানি	রাজু কোম্পানি
লিখিত মূল্য	১,০০০ টাকা	১,০০০ টাকা	২,০০০ টাকা
কুপন সুদের হার	১০%	১২%	
প্রত্যাশিত আয়ের হার	৮%	১৫%	১০%
বাজার মূল্য	১,১০০	৭০০	
বন্ডের ধরন	কুপন বন্ড	চিরস্থায়ী বন্ড	জিরো কুপন বন্ড

ক. ট্রেজারি বন্ড কী? ১

খ. কোন সিকিউরিটিকে শংকর জাতীয় সিকিউরিটি বলা হয়? ব্যাখ্যা করো। ২

গ. রাজু কোম্পানির বন্ডের বর্তমান মূল্য নির্ণয় করো। ৩

ঘ. সোমান ও সোহাগ কোম্পানির মধ্যে কোনটিতে বিনিয়োগ করা যুক্তিযুক্ত বলে মনে করো? বিশ্লেষণ করো। ৪

৭. ► পদ্মা কোম্পানি লি. ঢাকা স্টক এক্সচেঞ্জের তালিকাভুক্ত একটি কোম্পানি। সম্প্রতি কোম্পানিটি দীর্ঘমেয়াদি মূলধন সংগ্রহ করার কথা ভাবছে। তাই এমন উৎস থেকে তহবিল সংগ্রহ করতে চাচ্ছে যেখানে খরচ সর্বনিম্ন হয়। প্রতিষ্ঠানটি ২টি বিকল্প উৎস মূল্যায়ন করছে। সাধারণ শেয়ার এর ক্ষেত্রে প্রতিষ্ঠানটি এ বছর ১০ টাকা হারে লভ্যাংশ দিয়েছে এবং ভবিষ্যতে তা অপরিবর্তিত থাকবে। কোম্পানির শেয়ারের বাজার মূল্য ১০৫ টাকা। অন্যদিকে ১০% কুপন রেটে ১০ বছর মেয়াদি ১,০০০ টাকা লিখিত মূল্যের বন্ড ১১০০ টাকায় ইস্যু করতে পারবে। যার ইস্যু বাবদ খরচ হবে ২০ টাকা এবং হার ২৫%।

ক. উত্তরণ ব্যয় কী? ১

খ. বাজার ঝুঁকিকে একজন বিনিয়োগকারী কেন পরিহার করতে পারে না? ব্যাখ্যা করো। ২

গ. পদ্মা কোম্পানি লি. এর সাধারণ শেয়ার মূলধন এর ব্যয় নির্ণয় করো। ৩

ঘ. কোন উৎস থেকে পদ্মা কোম্পানি লি.-এর তহবিল সংগ্রহ অধিক যুক্তিযুক্ত হবে তা মূল্যায়ন করো। ৪

৮. ► রহমান সাহেব নাভিয়া কোম্পানির আর্থিক ব্যবস্থাপক। তিনি 'ক' ও 'খ' দু'টি প্রকল্পের যে কোনো একটিতে বিনিয়োগ করতে চাচ্ছেন। প্রকল্প দু'টির তথ্যাবলি নিম্নরূপ:

প্রকল্প	বছর (০)	বছর ১	বছর ২	বছর ৩	বছর ৪
'ক'	(৫০,০০০)	২০,০০০	১৮,০০০	১২,০০০	১০,০০০
'খ'	(৫০,০০০)	১০,০০০	১২,০০০	১৮,০০০	২০,০০০

বাট্টার হার ১৩%। রহমান সাহেব প্রকল্প মূল্যায়ন এর ক্ষেত্রে আধুনিক পদ্ধতি প্রয়োগ করেন।

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. মূলধন বরাদ্দকরণ বলতে কী বোঝায়? ২

গ. 'ক' প্রকল্পের পরিশোধকাল নির্ণয় করো। ৩

ঘ. নিট বর্তমান মূল্যের ভিত্তিতে রহমান সাহেবের কোন প্রকল্প নির্বাচন করা উচিত? উত্তরের সপক্ষে তোমার মতামত দাও। ৪

৯. ► নিচে কেয়া ও আশা দু'টি কোম্পানির সম্ভাবনা ও প্রত্যাশিত আয়ের হার দেয়া হলো:

সম্ভাবনা	.৩০	.৪০	.৩০
কেয়া কোম্পানির আয়	.১৫	.১৬	.১৭
আশা কোম্পানির আয়	.১৫	.২৫	.০৫

ক. ঝুঁকি কী? ১

খ. পোর্টফোলিও কেন গঠন করা হয়? ব্যাখ্যা করো। ২

গ. কেয়া ও আশা কোম্পানির গড় মুনাফার হার নির্ণয় করো। ৩

ঘ. বিভেদাঙ্কের (Coefficient of variation) বিবেচনায় উদ্দীপকে বর্ণিত কোন কোম্পানিটি ভালো এবং কেন? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: প্রথম পত্র (বহুনির্বাচনি)

সময় : ৪০ মিনিট পূর্ণমান— ৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১. নিচের কোন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য মূলধন বাজেটিং-এর কৌশল প্রয়োগ করা হয়?
ক) স্থায়ী সম্পত্তি ক্রয়
খ) চলতি সম্পত্তি ক্রয়
গ) দীর্ঘমেয়াদি ঋণ গ্রহণ
ঘ) স্বল্পমেয়াদি ঋণ গ্রহণ

২. ভারযুক্ত গড় মূলধন ব্যয় নির্ণয়ে অন্তর্ভুক্ত করা হয়—
i. ঋণ মূলধন ব্যয়
ii. ইক্যুইটি ও অগ্রাধিকার মূলধন ব্যয়
iii. চলতি মূলধন ব্যয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii

৩. অর্থায়নের সামাজিক দায়িত্ব হলো—
i. মালিকের সম্পদ বৃদ্ধিকরণ
ii. জাতীয় আয় বৃদ্ধিকরণ
iii. দূষণমুক্ত পরিবেশ নিশ্চিতকরণ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪. নাফিসা লি. এ বছরের শেষে শেয়ারপ্রতি ১.২০ টাকা লভ্যাংশ প্রদানের আশা করছে। কোম্পানিটির লভ্যাংশ প্রবৃদ্ধির হার ৫% এবং প্রত্যাশিত আয়ের হার ১৫% হলে, শেয়ারের মূল্য নিচের কোনটি হবে?
ক) ১০.০০ টাকা খ) ১১.০০ টাকা
গ) ১২.০০ টাকা ঘ) ২৪.০০ টাকা

৫. সমচ্ছেদ বিন্দু নির্দেশক অবস্থা হলো—
ক) মোট বিক্রয় = মোট পরিবর্তনশীল ব্যয়
খ) মোট বিক্রয় = মোট স্থির ব্যয়
গ) মোট পরিবর্তনশীল ব্যয় = মোট স্থির ব্যয়
ঘ) মোট বিক্রয় = মোট ব্যয়

৬. কার্যকর সুদের হার নামিক সুদের হার অপেক্ষা বেশি হয়, কারণ—
i. নির্দিষ্ট সময় পর পর সুদ গণনা করা হয়
ii. প্রাথমিক জমার ওপর সুদ গণনা করা হয়
iii. সুদাসলের ওপর সুদ গণনা করা হয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮নং প্রশ্নের উত্তর দাও।
আরিফ লি. ২০১৫ সনে ১০,০০০ একক পণ্য প্রতি একক ২০ টাকা দামে বিক্রয় করে। ফার্মটির প্রতি একক পণ্যের পরিবর্তনশীল ব্যয় ১০ টাকা এবং বার্ষিক স্থির ব্যয় ১,১৫,০০০ টাকা।

৭. আরিফ লি. এর সমচ্ছেদ বিন্দু নিচের কোনটি?
ক) ১০,০০০ একক খ) ১১,৫০০ একক
গ) ১২,০০০ একক ঘ) ১২,৫০০ একক

৮. আরিফ লি. ২০১৬ সনে ৫০,০০০ টাকা মুনাফা করতে চাইলে কত একক পণ্য বিক্রয় করতে হবে?
ক) ১০,০০০ একক খ) ১১,৫০০ একক
গ) ১৫,০০০ একক ঘ) ১৬,৫০০ একক

৯. মধ্যমেয়াদি অর্থায়নের সময়সীমা—
i. এক বছরের কম ii. এক বছর হতে ৫ বছর
iii. দুই বছর হতে সাত বছর
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১০. মি. তাকি একটি কোম্পানির শেয়ার ক্রয় না করে একাধিক কোম্পানির শেয়ারে তার সঞ্চিত অর্থ বিনিয়োগ করতে আগ্রহী। এক্ষেত্রে তিনি অর্থায়নের নিচের কোন নীতিটি অনুসরণ করছেন?
ক) মুনাফা ও তারল্য নীতি
খ) পোর্টফোলিও বৈচিত্র্যায়ন নীতি
গ) ঝুঁকি ও মুনাফা সমন্বয় নীতি
ঘ) উপযুক্ততার নীতি

১১. নিচের কোনটিকে মানি লন্ডারিং বলা যায়?
ক) বিদেশ হতে বিলের মাধ্যমে টাকা পাঠালে
খ) বিদেশ হতে ব্যাংকের মাধ্যমে টাকা পাঠালে
গ) বিদেশ হতে ওয়েস্টার্ন ইউনিয়ন মারফত টাকা পাঠালে
ঘ) বিদেশ হতে হুন্ডির মাধ্যমে টাকা পাঠালে

১২. একটি যৌথ মূলধনী কোম্পানির মূলধনের প্রধান উৎস হলো—
ক) ঋণপত্র ইস্যু খ) অগ্রাধিকার শেয়ার ইস্যু
গ) রাইট শেয়ার ইস্যু ঘ) সাধারণ শেয়ার ইস্যু

১৩. স্বপ্ন আর্ক কোম্পানি-এর গড় মূলধন খরচ ২৪%। এক্ষেত্রে কোম্পানিকে তার বিনিয়োগ থেকে ন্যূনতম কত হারে আয় করতে হবে।
ক) ২০% খ) ২২% গ) ২৩% ঘ) ২৪%

১৪. যমুনা লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ৫,০০,০০০ সাধারণ শেয়ার জনসাধারণের নিকট বিক্রয়ের উদ্দেশ্যে পত্রিকায় বিবরণী পত্র প্রচার করে। ফার্মটি যে বাজারের মাধ্যমে অর্থ সংগ্রহ করতে চায় তাকে বলে—
ক) মুদ্রাবাজার খ) প্রাথমিক শেয়ার বাজার
গ) মাধ্যমিক বাজার ঘ) অনানুষ্ঠানিক বাজার

১৫. নিচের কোনটি দীর্ঘমেয়াদি অর্থায়নের উৎস?
ক) ব্যাংক ঋণ
খ) বি.ডি.বি.এল (বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড)
গ) বাণিজ্যিক ব্যাংক ঘ) বাণিজ্যিক কাগজ

১৬. বর্তমানে বাংলাদেশে প্রচলিত কোম্পানি আইন প্রণীত হয়—
ক) ১৯১৩ সনে খ) ১৯৯১ সনে
গ) ১৯৯৪ সনে ঘ) ১৯৯৫ সনে

১৭. ব্যবসায় অর্থায়নের প্রধান লক্ষ্য হলো—
ক) ব্যবসায় অর্থ সরবরাহ
খ) ব্যবসায়ের ঝুঁকি হ্রাস
গ) ব্যবসায়ের সম্পদ সর্বাধিকরণ
ঘ) ব্যবসায়ে অর্থের সুষ্ঠু ব্যবস্থাপনা

১৮. নিচের কোনটি চলতি সম্পদ?
ক) অগ্রিম বিমা খরচ খ) অগ্রিম সেবা আয়
গ) বকেয়া বেতন ঘ) প্রদেয় হিসাব

১৯. মুদ্রাবাজারের নিয়ন্ত্রক সংস্থা নিচের কোনটি?
ক) অর্থ মন্ত্রণালয় খ) বাংলাদেশ ব্যাংক
গ) বিএসইসি (BSEC) ঘ) ডিএসই (DSE)

২০. ২০১৬ সনে একটি নতুন প্রকল্প বিনিয়োগের জন্য মাহা লি. এর ৫০,০০,০০০ টাকা প্রয়োজন। কোম্পানিটি বাজারে শেয়ার বিক্রয়ের মাধ্যমে অথবা দীর্ঘমেয়াদি ঋণের মাধ্যমে উক্ত অর্থ সংগ্রহ করতে পারে। অর্থায়নের ভাষায় অর্থ সংগ্রহের এ কার্যটিকে বলা যায়—
ক) আর্থিক সিদ্ধান্ত খ) বিনিয়োগ সিদ্ধান্ত
গ) সম্পদ ব্যবস্থাপনা সিদ্ধান্ত
ঘ) নগদ তহবিল ব্যবস্থাপনা সিদ্ধান্ত

২১. প্রত্যেক সময় কালের শেষে নগদ প্রবাহ সংগঠিত হতে থাকলে তাকে বলে—
ক) চিরস্থায়ী বার্ষিক বৃত্তি খ) সম বার্ষিক বৃত্তি
গ) সাধারণ বার্ষিক বৃত্তি ঘ) অগ্রিম বার্ষিক বৃত্তি

২২. মূলধন বলতে বোঝায়—
i. ঋণপত্র ii. সাধারণ শেয়ার
iii. সংরক্ষিত শেয়ার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii
২৩. যন্ত্রপাতি ক্রয় নগদ প্রবাহ বিবরণীর নিচের কোন কার্যক্রমের অন্তর্ভুক্ত?
ক উৎপাদন কার্যক্রম খ পরিচালন কার্যক্রম
গ বিনিয়োগ কার্যক্রম ঘ অর্থায়ন কার্যক্রম
২৪. জনাব রাফি অগ্রণী ব্যাংকে ২০,০০০ টাকা জমা রেখে ১০ বছর পর ৪০,০০০ টাকা উত্তোলন করেন। বিধি ৭২ অনুযায়ী উক্ত বিনিয়োগের ওপর তার অর্জিত সুদের হার কত?
ক ১০.০০% খ ৮.০০%
গ ৭.২৫% ঘ ৭.২০%
২৫. ফার্মে স্থায়ী সম্পত্তি অর্জন ও বিনিয়োগের উদ্দেশ্যে সংগৃহীত অর্থায়ন হয়ে থাকে—
ক স্বল্পমেয়াদি উৎস হতে
খ মধ্যমেয়াদি উৎস হতে
গ দীর্ঘমেয়াদি উৎস হতে
ঘ চলতি মূলধন হতে
২৬. কাঁচামালের মূল্য হ্রাস-বৃদ্ধিতে ব্যবসায়ে নিচের কোন ঝুঁকি সৃষ্টি হয়?
ক ব্যবসায় ঝুঁকি খ আর্থিক ঝুঁকি
গ তারল্য ঝুঁকি ঘ বাজার ঝুঁকি
উদ্দীপকটি পড়ো এবং ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও।
জনাব সাকিব ২/১০, নিট ৩০ শর্তে ১০,০০০ টাকার পণ্য নাকী ব্রাদার্স হতে ধারে ক্রয় করে।
২৭. জনাব সাকিব ৩০ দিন অন্তে উক্ত অর্থ পরিশোধ করলে তার ব্যবসায় ঋণ ব্যয় হবে (১ বছর = ৩৬০ দিন)—
ক ৩৬.৭৩% খ ৩০.০০%
গ ২৮.৫৭% ঘ ২০.০০%
২৮. জনাব সাকিব ১৮% হারে ব্যাংক হতে স্বল্পমেয়াদি ঋণ সংগ্রহ করতে পারলে, তিনি—
ক ১০ম দিনের পূর্বে ব্যবসায় ঋণ শোধ করবেন
খ ১০ দিন অন্তে ব্যবসায় ঋণ শোধ করবেন
গ ১১ হতে ৩০ দিনের মধ্যে ব্যবসায় ঋণ শোধ করবেন
ঘ ৩০ দিন অন্তে ব্যবসায় ঋণ শোধ করবেন
উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও।
জনাব আক্তিম এখন হতে ৫ বছর পর ১,০০,০০০ টাকায় ১টি কম্পিউটার ক্রয় করতে আগ্রহী। এজন্য তিনি বর্তমানে নির্দিষ্ট পরিমাণ অর্থ ব্যাংকে জমা রাখতে চান। জনতা ব্যাংক ৮% হারে বার্ষিক সুদ গণনা করে। অপরদিকে পূবালী ব্যাংক একই হারে ছয় মাস অন্তর সুদ গণনা করে।
২৯. প্রয়োজনীয় জমা অর্থ বের করার পদ্ধতিকে বলা হয়—
ক বাট্টাকরণ খ চক্রবৃদ্ধিকরণ
গ প্রবৃদ্ধিকরণ ঘ স্থানান্তরকরণ
৩০. নিচের কোনটি জনাব আক্তিম-এর জন্য সঠিক?
ক জনতা ব্যাংকে জমার পরিমাণ বেশি কারণ বৎসরে একবার সুদ গণনা করা হয়
খ পূবালী ব্যাংকে জমার পরিমাণ বেশি কারণ বৎসরে দু'বার সুদ গণনা করা হয়
গ জনতা ব্যাংক অথবা পূবালী ব্যাংক-এ জমার পরিমাণ অপরিবর্তিত থাকবে
ঘ পূবালী ব্যাংকে জমার পরিমাণ জনতা ব্যাংকে জমার অর্ধেক হবে
উদ্দীপকটি পড়ো এবং ৩১ ও ৩২নং প্রশ্নের উত্তর দাও।
জনতা লি. ১০,০০,০০০ টাকায় একটি অত্যাধুনিক কম্পিউটার ক্রয় করে। এতে ফার্মের কারপরবর্তী বার্ষিক নগদ প্রবাহ ১,২৫,০০০ টাকা বেড়ে যায়। কম্পিউটারটির আয়ুষ্কাল ১০ বৎসর।
৩১. উক্ত বিনিয়োগের ওপর ফার্মের গড় পরিশোধকাল হবে—
ক ৮ বছর খ ১০ বছর
গ ১৮ বছর ঘ ২০ বছর
৩২. ফার্মটি পরিশোধকাল বিবেচনায় প্রকল্প গ্রহণ করলে নিচের কোন বিষয়টি বাদ পড়ে যাবে?
ক ক্রয় মূল্য খ বার্ষিক নগদ প্রাপ্তি
গ আয়ুষ্কাল ঘ মূলধন ব্যয়
৩৩. অগ্রাধিকার শেয়ার মালিকগণ যে সমস্ত ক্ষেত্রে সাধারণ শেয়ার মালিক অপেক্ষা অগ্রাধিকার ভোগ করে—
i. ভোটাধিকার ii. লভ্যাংশ প্রাপ্তি
iii. মূলধন ফেরত প্রাপ্তি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii
৩৪. নগদ প্রবাহ বিবরণীতে নগদ প্রবাহকে নিচের কয়টি কার্যক্রমে বিভক্ত করে দেখানো হয়?
ক ২টি খ ৩টি গ ৪টি ঘ ৫টি
৩৫. জনাব রহিম এক বছর মেয়াদি একটি প্রকল্পে ১০,০০০ টাকা বিনিয়োগ করে বছর শেষে ১২,০০০ টাকা ফেরত পান। এতে তার বিনিয়োগের ওপর ২০% হারে লাভ হয়। এ লাভের হারকে অর্থায়নের ভাষায় বলা হয়—
ক অভ্যন্তরীণ আয়ের হার
খ মুনাফা অর্জন ক্ষমতা সূচক
গ বিনিয়োগ উপার্জন হার
ঘ পরিশোধ হার
৩৬. বিনিয়োগ প্রকল্প যাচাইকালে নিচের কোন পদ্ধতিতে বাট্টার হার বিবেচনা করা হয়?
ক পরিশোধকাল পদ্ধতি
খ গড় উপার্জন হার পদ্ধতি
গ বিনিয়োগ উপার্জন হার পদ্ধতি
ঘ নিট বর্তমান মূল্য পদ্ধতি
৩৭. পোর্টফোলিও বিনিয়োগের উদ্দেশ্য—
i. মুনাফা বৃদ্ধি ii. ঝুঁকি হ্রাস
iii. বাজার নিয়ন্ত্রণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii
৩৮. কাসিম লি. প্রতিটি ১,২০০ টাকা অভিহিত মূল্যের ১২ বছর মেয়াদি বন্ড বাজারে ছাড়ে। বন্ডের কুপন হার ১২%। বাট্টার হার ১২% হলে বন্ডের মূল্য হবে—
ক ১,২০০ টাকা খ ১,৩২০ টাকা
গ ১,৩৪৪ টাকা ঘ ১,৫০০ টাকা
উদ্দীপকটি পড়ো এবং ৩৯ ও ৪০নং প্রশ্নের উত্তর দাও।
জনাব আদিত্য তার অর্থ সুবর্ণ লি. এবং সোমা লি.-এর শেয়ারে সমানভাবে বিনিয়োগ করেন। কোম্পানি দুটি হতে প্রত্যাশিত আয়ের হার যথাক্রমে ১২% ও ১৮%।
৩৯. জনাব আদিত্যের প্রত্যাশিত পোর্টফোলিও আয়ের হার নিচের কোনটি?
ক ১২% খ ১৫% গ ১৮% ঘ ৩০%
৪০. জনাব আদিত্য নিচের কোন পরিস্থিতিতে সুবর্ণ লি.-এ বিনিয়োগ বাড়িয়ে সোমা লি.-এ বিনিয়োগ কমাবেন?
ক সোমা লি.-এর আয়ের হার এবং পরিমিত ব্যবধান দুটিই হ্রাস পেলে
খ সোমা লি.-এর আয়ের হার এবং পরিমিত ব্যবধান দুটিই বৃদ্ধি পেলে
গ সোমা লি.-এর আয় অপরিবর্তিত থেকে এর পরিমিত ব্যবধান হ্রাস পেলে
ঘ সোমা লি.-এর আয় অপরিবর্তিত থেকে এর পরিমিত ব্যবধান বৃদ্ধি পেলে

উত্তরমালা																																								
	১	ক	২	ক	৩	গ	৪	গ	৫	ঘ	৬	গ	৭	গ	৮	খ	৯	গ	১০	গ	১১	খ	১২	খ	১৩	গ	১৪	গ	১৫	গ	১৬	গ	১৭	খ	১৮	ক	১৯	গ	২০	গ
	২১	গ	২২	ঘ	২৩	গ	২৪	ঘ	২৫	গ	২৬	ক	২৭	ক	২৮	ক	২৯	গ	৩০	ক	৩১	ক	৩২	খ	৩৩	গ	৩৪	গ	৩৫	গ	৩৬	গ	৩৭	ক	৩৮	ক	৩৯	গ	৪০	গ